

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

নং -২০.০০.০০০০.৩০৯.০২.০৬৮.১৪- ১৩০

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ
২৫ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ

প্রাপকঃ

জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম
সহকারী অধ্যাপক
হিসাববিজ্ঞান বিভাগ
নীলফামারী সরকারী মহিলা কলেজ
নীলফামারী।


বিষয়ঃ গবেষকের সঙ্গে সম্পাদিত চুক্তি বাতিল প্রসংগে।

গবেষণার শিরোনামঃ "Compliance with Accounting Standards in Financial Reporting of Commercial Bank in Bangladesh"-শীর্ষক পিএইচডি গবেষণা।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকায় পরিচালনা করার জন্য বিগত ০৪/০২/২০১৪খ্রি: তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তিনামা স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুযায়ী গবেষণার মেয়াদ ছিল ৩৬ (ছত্রিশ) মাস। চুক্তির শর্ত অনুযায়ী আপনার পিএইচডি গবেষণার চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় এবং আপনি গবেষণা চালিয়ে যেতে অপারগতা প্রকাশ করায় উক্ত পিএইচডি গবেষণার চুক্তি বাতিলের প্রস্তাব সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের ৫০তম গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভায় অনুমোদিত হয়।

০২। এমতাবস্থায়, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের ৫০তম গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সাথে ০৪/০২/২০১৪খ্রি: তারিখে আপনার সম্পাদিত চুক্তিটি নির্দেশক্রমে এতদ্বারা বাতিল করছি।


আপনার বিশ্বস্ত

০৭/০২/২০১৯
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

নং-২০.০০.০০০০.৩০৯.০২.০৬৮.১৪

তারিখঃ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ
মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
- ২। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল/গবেষণা কর্মকর্তা-২, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা (Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব-৫ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।


০৭/০২/২০১৯
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা